

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট  
সংস্থাপন শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মুহাম্মদ মোশাররফ হোসেন বিভাগীয় কমিশনার
সভার তারিখ	: ৩০ জুন ২০২২
সভার সময়	: দুপুর ১.৩০টা
স্থান	: Zoom Application এর ভিডিও কনফারেন্স
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক'


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ১৮ এপ্রিল ২০২২ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃষ্টিকরন করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিশ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<b>০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:</b> ১.১ প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সকল বিভাগীয় অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয় আলোচনা করা হয়। ১.২ বিভাগের ৫৭টি দপ্তরের মধ্য হতে ৫৭টি দপ্তরের প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়।	১.১ প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে সর্বশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। ১.২ কোন দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পরিবর্তন হলে তা অবহিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর
<b>০২. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ:</b> ২.১ সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। সভায় বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্যে ৪৪টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য উপস্থাপন করা হয়। ২.২ যে সকল কর্মকর্তা অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেননি তাদের দূত অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	২.১ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে হবে। ২.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।	১। সংশ্লিষ্ট সকল দপ্তর ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা
<b>০৩. তথ্য অধিকার বিষয়ক প্রচারনা:</b> সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয়ে আলোচনা হয়।	তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল

<p><b>০৪.</b> <b>সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্বগোদিতভাবে তথ্যপ্রকাশ:</b> তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি দাপ্তরিক ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে স্ব-প্রগোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে গুরুত্বারোপ করেন।</p>	<p>৪.১ তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব-প্রগোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।</p> <p>৪.২ বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে।</p> <p>৪.৩ সিলেট বিভাগের সকল জেলাপ্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট পরীক্ষা করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।</p>	<p>১। সংশ্লিষ্ট সকল দপ্তর ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা ৩। সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা</p>
<p><b>০৫. বিবিধ:</b> ৫.১ তথ্য অধিকার আইন অনুযায়ী সকল দপ্তরের ওয়েবসাইটে সেবামূল্য সম্পর্কিত সিটিজেন চার্টার হালনাগাদক্রমে প্রচার কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>৫.২ তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটিতে ব্যারিস্টার আরশ আলী, বীর মুক্তিযোদ্ধা, উপদেষ্টা, বাংলাদেশ উদীচী শিল্পী গোস্বামী, সিলেট এবং মিজ মারিয়ান চৌধুরী মাস্মী, সাধারণ সম্পাদক, জেলা মহিলা ক্রীড়া সংস্থা, সিলেট-কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়টি সভায় উপস্থাপন করা হয়।</p>	<p>৫.১ তথ্য অধিকার আইন অনুযায়ী সকল দপ্তরের ওয়েবসাইটে সেবামূল্য সম্পর্কিত সিটিজেন চার্টার হালনাগাদক্রমে প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>৫.২ তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটিতে অন্তর্ভুক্তকৃত নতুন দু'জন সদস্যকে সভায় স্বাগত জানানো হয়।</p>	<p>১। সংশ্লিষ্ট সকল দপ্তর</p>

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মুহাম্মদ মোশাররফ হোসেন  
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.৯৯.০০১.২২.৭১২

তারিখ: ১৯ আষাঢ়, ১৪২৯  
০৩ জুলাই ২০২২


বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।



ড. মুহাম্মদ মোশাররফ হোসেন  
বিভাগীয় কমিশনার